

## ‘সামিট এলএনজি’-র প্রথম জাহাজ-থেকে-জাহাজে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) স্থানান্তর সফলভাবে সম্পন্ন হয়েছে



**ছবি ক্যাপশন:** (বামে) ‘সামিট এলএনজি’ ফ্লেক্সিবল হোজ ব্যবহারের মাধ্যমে (ডানে) ট্যাংকার থেকে ১৫৯,০০০ ঘনমিটার এলএনজি গ্রহণ করে এবং পুনরায় গ্যাসে রূপান্তর করে সমুদ্র তলদেশের পাইপলাইনের মাধ্যমে জাতীয় গ্রীডে সরবরাহ করছে।

**মহেশখালি, বাংলাদেশ (২৪শে মে ২০১৯, শুক্রবার):** ‘সামিট এলএনজি’ ২৩শে মে বৃহস্পতিবার স্থানীয় সময় রাত্রি ৮টা ৫৯মিনিটে বঙ্গোপসাগরের মহেশখালির উপকূল থেকে ৬ কিমি দূরে জাহাজ-থেকে-জাহাজে (এসটিএস) এলএনজি স্থানান্তর প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে। সামিটের এফএসআরইউ - ‘সামিট এলএনজি’ ওমান ট্রেডিং ইন্টারন্যাশনাল থেকে ১৫৯,০০০ ঘনমিটার এলএনজি গ্রহণ করে। এলএনজি বহনকারি জাহাজ - ‘ক্রিয়োল স্পিরিট’ আলজেরিয়ার বেথেইউয়া থেকে এই এলএনজি বহন করে নিয়ে এসেছে। পেট্রোবাংলার পক্ষ থেকে আরপিজিসিএল (রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড) সফলভাবে এই স্থানান্তরের প্রত্যয়ন করেন। পরবর্তী এসটিএস স্থানান্তর এই বছরে জুনের প্রথম দিকে নির্ধারণ করা হয়েছে।

এই মাইলফলক অর্জনে সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “সামিটে, আমরা নির্ধারিত সময়ে বিদ্যুৎ প্রকল্প, এলএনজি প্রকল্প সম্পন্ন করে বাংলাদেশের সক্ষমতার প্রমাণ করবার সুযোগের জন্য অত্যন্ত কৃতজ্ঞ। সামিটের প্রত্যেকটি (প্রকল্প) বাংলাদেশের প্রযুক্তিগত দক্ষতা এবং বাস্তবায়নের সক্ষমতার প্রমাণ।”

পেট্রোবাংলা এবং আরপিজিসিএল এর চেয়ারম্যান মো. রুহুল আমীন বলেন, “পেট্রোবাংলার পক্ষ থেকে আরপিজিএল কর্তৃক কমিশনকৃত সামিটের জাহাজ-থেকে-জাহাজে এলএনজি স্থানান্তর প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হওয়ায় আমরা অত্যন্ত গর্বিত।”

#### **সামিট এলএনজি টার্মিনাল কোম্পানী লিমিটেড সম্পর্কে বিস্তারিত:**

সামিট এলএনজি টার্মিনাল কোম্পানী, সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের একটি অঙ্গপ্রতিষ্ঠান এবং সামিট - মিতসুবিশি কনসোর্টিয়ামের মালিকানাধীন। ‘সামিট এলএনজি’ ২৯ শে এপ্রিল ২০১৯ইং বাংলাদেশে বাণিজ্যিকভাবে সরবরাহ শুরু করে। ‘সামিট এলএনজি’ কাতার থেকে এলএনজি বহন করে নিয়ে এসেছিল এবং সমুদ্রের তলদেশের পাইপলাইনের দ্বারা এলএনজি পুনরায় রূপান্তর করে জাতীয় গ্যাস গ্রীডে সরবরাহ শুরু করে।

#### **বিস্তারিত তথ্যের জন্য:**

মোহসেনা হাসানা ইমেইল: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: [www.summitpowerinternational.com](http://www.summitpowerinternational.com) এবং সামিটের টুইটার ও লিংকডইন অনুসরণ করুন।